

সাংবাদিক সম্মেলনে অভিযোগ

চট্টগ্রাম প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিয়ম নীতি মানা হচ্ছে না

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরোঃ দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউএসটিসি)-এ কোন নিয়মকানুন মানা হয় না। সাত বছর ধরে নেই উপাচার্য, রেজিস্ট্রার বা ট্রেজারার। দেশ-বিদেশ থেকে পাওয়া কোটি কোটি টাকার নেই কোন হিসাব। ১৯৯২ সালে প্রণীত বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের কোন নীতিমালার এখানে তোয়াক্কা করা হয় না। উদ্ভূত পরিস্থিতিতে এই অনিয়ম নিরসনের দাবিতে বিশ্ববিদ্যালয়ের ৭৭ জন শিক্ষক একযোগে ৩৫ দিন ধরে কর্মবিরতি পালন করে আসছেন।

চট্টগ্রাম প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) চট্টগ্রাম শাখার নেতৃবৃন্দ এবং ইউএসটিসির শিক্ষকরা যৌথ সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ তুলে ধরে বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউএসটিসিকে বাঁচাতে চ্যান্সেলর হিসেবে রাষ্ট্রপতির আশু হস্তক্ষেপ কামনা করেন।